অতিব জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
সমন্বয়-২ অধিশাখা।
www.powerdivision.gov.bd

নং-২৭.০০.০০০০.০৫২.৩১.০০৯.১৮-৩৮

তারিখঃ ০১ মাঘ ১৪২৬ বঙ্গাব্দ
১৫ জানুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়ঃ দপ্তর/সংস্থা/কোম্পানিসমূহ বিদ্যুৎ সংযোগ প্রদানের ক্ষেত্রে যে সমস্ত ডকুমেন্টস এর প্রয়োজন তার একটি সাধারণ ডকুমেন্টস তালিকা (Unified List of Documents) প্রেরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে গত ২৭/১০/২০১৯ তারিখে বিদ্যুৎ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানির সমন্বয়ে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী Unified List of Documents বিষয়ে কোন সংশোধনীর প্রয়োজন আছে কিনা তা পর্যালোচনার জন্য কমিটি গঠন করা হয়। বর্ণিত কমিটি কর্তৃক Unified List of Documents পর্যালোচনান্তে বিদ্যুৎ সংযোগ প্রদানের ক্ষেত্রে সংশোধিত একটি কমন (সাধারণ) ডকুমেন্টস তালিকা (Unified List of Documents) প্রণয়ন করা হয়েছে। উক্ত কমন (সাধারণ) ডকুমেন্টস এর তালিকা যথাযথভাবে অনুসরণপূর্বক স্ব স্ব দপ্তর/সংস্থা/কোম্পানির ওয়েব সাইটে প্রকাশ করে স্ন্যাপ শট (Snap Shot) এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

সংযুক্তিঃ ডকুমেন্টস এর তালিকা (Unified List of Documents)।

১৫.০১.২০২০
(আইরিন পারভীন)
উপসচিব (সমন্বয়-২)
ফোন: ৪৭১২০৩০৮।
(coord-2@pd.gov.bd)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
০১। চেয়ারম্যান, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ-২, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা।
০২। চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা।
০৩। প্রধান বিদ্যুৎ পরিদর্শক, প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর, জ্যোৎস্না কমপ্লেক্স, ২৪, তোপখানা রোড, ঢাকা।
০৪। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিঃ (ডিপিডিসি), বিদ্যুৎ ভবন, আব্দুল গণি রোড, রমনা, ঢাকা।
০৫। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী লিঃ (ডেসকো), ২২/বি ফারুক স্মরণী, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯।
০৬। ব্যবস্থাপনা পরিচালক, ওয়েষ্টজোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিঃ, বিদ্যুৎ ভবন, বয়রা, মেইন রোড, খুলনা।
০৭। ব্যবস্থাপনা পরিচালক, নর্থ ওয়েষ্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিঃ, প্রধান কার্যালয়, বিদ্যুৎ ভবন, হেতেম খান, রাজশাহী।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ
০১। যুগ্মসচিব (সমন্বয়-৩), বিদ্যুৎ বিভাগ।
০২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সচিব এর একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ।
০৪। প্রোগ্রামার, বিদ্যুৎ বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৫। অতিরিক্ত সচিব (সমন্বয়) এর ব্যক্তিগত কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ।

# বিদ্যুৎ সংযোগের জন্য প্রয়োজনীয় ডকুমেন্টের তালিকা
## (সকল বিতরণ সংস্থা/কোম্পানির জন্য প্রযোজ্য)

### ১) আবাসিক নতুন বিদ্যুৎ সংযোগের জন্য প্রয়োজনীয় ডকুমেন্টের তালিকা

১। জাতীয় পরিচয় পত্র/প্রযোজ্য ক্ষেত্রে ১ কপি পাসপোর্ট সাইজের ছবি;

২। জমির মালিকানা দলিল বা লিজ ডিড বা নামজারীর কাগজ, মূল মালিক না থাকলে উত্তরাধিকার সনদ;

৩। পূর্বের সংযোগ থাকলে পরিশোধিত বিলের কপি (একই নামে বা স্থানে আরো সংযোগ নিতে নতুন করে আর কোন ডকুমেন্ট লাগবে না);

৪। বহুতল ভবনের (১০ তলার অধিক) ক্ষেত্রে অগ্নি নির্বাপন সনদ;

৫। রাজউক/সিডিএ/কেডিএ/আরডিএ এবং অন্যান্য ক্ষেত্রে সিটি কর্পোরেশন/পৌরসভার অনুমোদিত বিল্ডিং প্ল্যান, হোল্ডিং নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে)।

[বিঃ দ্রঃ আবাসিক গ্রাহকের লোড ৫০ কিলোওয়াটের উপরে হলে প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তরের উপকেন্দ্র চালুর অনুমোদন লাগবে]

### ২) বাণিজ্যিক নতুন বিদ্যুৎ সংযোগের জন্য প্রয়োজনীয় ডকুমেন্টের তালিকা

১। জাতীয় পরিচয় পত্র/প্রযোজ্য ক্ষেত্রে ১ কপি পাসপোর্ট সাইজের ছবি;

২। জমির মালিকানা দলিল বা লিজ ডিড বা নামজারীর কাগজ, মূল মালিক না থাকলে উত্তরাধিকার সনদ;

৩। পূর্বের সংযোগ থাকলে পরিশোধিত বিলের কপি (একই নামে বা স্থানে আরো সংযোগ নিতে নতুন করে আর কোন ডকুমেন্ট লাগবে না);

৪। বাণিজ্যিক ভবনের (১০ তলার অধিক) ক্ষেত্রে অগ্নি নির্বাপন সনদ;

৫। রাজউক/সিডিএ/কেডিএ/আরডিএ এবং অন্যান্য ক্ষেত্রে সিটি কর্পোরেশন/পৌরসভার অনুমোদিত বিল্ডিং প্ল্যান, হোল্ডিং নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে);

৬। এইচটি সংযোগের ক্ষেত্রে প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তরের উপকেন্দ্র চালুর অনুমোদন লাগবে।

### ৩) শিল্প সংযোগের জন্য প্রয়োজনীয় ডকুমেন্টের তালিকা

১। জাতীয় পরিচয় পত্র/প্রযোজ্য ক্ষেত্রে ১ কপি পাসপোর্ট সাইজের ছবি;

২। জমির মালিকানা দলিল বা লিজ ডিড বা নামজারীর কাগজ, মূল মালিক না থাকলে উত্তরাধিকার সনদ;

৩। পূর্বের সংযোগ থাকলে পরিশোধিত বিলের কপি (একই নামে বা স্থানে আরো সংযোগ নিতে নতুন করে আর কোন ডকুমেন্ট লাগবে না);

৪। রাজউক/সিডিএ/কেডিএ/আরডিএ এবং অন্যান্য ক্ষেত্রে সিটি কর্পোরেশন/পৌরসভার অনুমোদিত বিল্ডিং প্ল্যান, হোল্ডিং নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে);

৫। শিল্প সংযোগের ক্ষেত্রে লোড ৫০ কিলোওয়াটের অধিক হলে প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তরের উপকেন্দ্র চালুর অনুমোদন ও অগ্নি নির্বাপন সনদ লাগবে।

## ৪) শিক্ষা প্রতিষ্ঠান/ধর্মীয় প্রতিষ্ঠান/সেবামূলক প্রতিষ্ঠান/হাসপাতালে সংযোগের জন্য প্রয়োজনীয় ডকুমেন্টের তালিকা

১। জাতীয় পরিচয় পত্রের ফটোকপি (প্রতিষ্ঠানের মনোনীত ব্যক্তির);

২। জমির মালিকানা দলিল বা লিজ ডিড বা নামজারীর কাগজপত্র;

৩। পূর্বের সংযোগ থাকলে পরিশোধিত বিলের কপি (প্রযোজ্য ক্ষেত্রে);

৪। রাজউক/সিডিএ/কেডিএ/আরডিএ এবং অন্যান্য ক্ষেত্রে সিটি কর্পোরেশন/পৌরসভা/সরকার কর্তৃক অনুমোদিত বিল্ডিং প্ল্যান, হোল্ডিং নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে);

৫। বহুতল ভবনের (১০ তলার অধিক) ক্ষেত্রে অগ্নি নির্বাপন সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) লাগবে।

## ৫) সামাজিক বা বাণিজ্যিক কর্মকাণ্ড বা নির্মাণ কাজের জন্য অস্থায়ী সংযোগের ক্ষেত্রে প্রয়োজনীয় ডকুমেন্টের তালিকা

১। পাসপোর্ট সাইজের ছবি (প্রতিষ্ঠানের মনোনীত ব্যক্তির);

২। জাতীয় পরিচয় পত্রের ফটেকপি (প্রতিষ্ঠানের মনোনীত ব্যক্তির);

৩। সামাজিক বা বাণিজ্যিক কর্মকাণ্ডের জন্য কর্তৃপক্ষের অনুমতিপত্র;

৪। ডেভেলপার কর্তৃক ভবন নির্মাণ করা হলে ভূমির মালিক কর্তৃক প্রদত্ত পাওয়ার অব এটর্নি।

## ৬) সেচ সংযোগের জন্য প্রয়োজনীয় ডকুমেন্টের তালিকা

১। পাসপোর্ট সাইজের ছবি (ব্যক্তি/প্রতিষ্ঠানের মনোনীত ব্যক্তির ক্ষেত্রে);

২। জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (প্রতিষ্ঠানের মনোনীত ব্যক্তির);

৩। সেচ কমিটির অনুমোদনপত্র।

১৫/৭/2020

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
সমন্বয়-২ অধিশাখা
ভবন নং-০৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.powerdivision.gov.bd

স্মারক নম্বর: ২৭.০০.০০০০.০৫২.৩১.০০৯.১৮.৩১৫

তারিখ: ১২ আষাঢ় ১৪২৯
২৬ জুন ২০২২

বিষয়: **নতুন বিদ্যুৎ সংযোগের নিমিত্ত করদাতা সনাক্তকরণ নাম্বার (TIN) বাধ্যতামূলককরণ সংক্রান্ত।**

সূত্র: ১) ডি.ও. নং-০৮.০১.০০০০.০৩৮.০৫.০১০.২০২২.০১, তারিখঃ ০৪/০১/২০২২ খ্রি. জাতীয় রাজস্ব বোর্ড।
২) ২৭.৮৭.০০০০.৩০৩.৯৯.০০৫.২২.২৩, তারিখঃ ০৯/০৩/২০২২ খ্রি. ডিপিডিসি।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে সকল সিটি কর্পোরেশন, পৌরসভা এবং ক্যান্টনমেন্ট বোর্ড এলাকাভুক্ত সকল আবাসিক, বাণিজ্যিক এবং শিল্প পর্যায়ে নতুন বিদ্যুৎ সংযোগ প্রদানের ক্ষেত্রে করদাতা সনাক্তকরণ নাম্বার (TIN) বাধ্যতামূলক করার বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

২৬-৬-২০২২
আইরিন পারভীন
উপসচিব
ফোন: ০২-৪৭১২০৩০৮
ইমেইল: coord-2@pd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১) চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
২) চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
৩) ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)
৪) ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড (ডেসকো)
৫) ব্যবস্থাপনা পরিচালক, ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ (ওজোপাডিকো)
৬) ব্যবস্থাপনা পরিচালক, নর্দান ইলেক্ট্রিসিটি সাপ্লাই কোম্পানী (নেসকো)

স্মারক নম্বর: ২৭.০০.০০০০.০৫২.৩১.০০৯.১৮.৩১৫/১(৪)

তারিখ: ১২ আষাঢ় ১৪২৯
২৬ জুন ২০২২

সদয় অবগতির জন্য অনুলিপিঃ
১) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।